

## আশ-শু'রা | Ash-Shu'ara | أَلْشُعْرَاءِ

আয়াতঃ ২৬ : ২৮

### আরবি মূল আয়াত:

قَالَ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَمَا بَيْنَهُمَا ؟ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ ﴿٢٨﴾

### A । অনুবাদসমূহ:

মূসা বলল, ‘তিনি পূর্ব ও পশ্চিম এবং এতদোভয়ের মধ্যবর্তী সবকিছুর রব, যদি তোমরা বুঝে থাক’। — আল-বায়ান (মূসা) বললঃ ‘(তিনিই) পূর্ব ও পশ্চিমের প্রতিপালক, আর এ উভয় দিকের মাঝে যা আছে তারও- যদি তোমাদের বুদ্ধিসুদৃ থাকে।’ — তাইসির়ল

মূসা বললঃ তিনি পূর্ব ও পশ্চিমের এবং এতদুভয়ের মধ্যবর্তী সব কিছুর রাবব, যদি তোমরা বুঝতে। — মুজিবুর রহমান

[Moses] said, "Lord of the east and the west and that between them, if you were to reason." — Sahih International

২৮. মূসা বললেন, তিনি পূর্ব ও পশ্চিমের এবং তাদের মধ্যবর্তী সব কিছুর রব; যদি তোমরা বুঝে থাক!

-

তাফসীরে জাকারিয়া

(২৮) মূসা বলল, ‘তিনি পূর্ব ও পশ্চিমের এবং ওদের মধ্যবর্তী সমস্ত কিছুর প্রতিপালক; [১] যদি তোমরা বুঝে থাক।’

[১] যিনি পূর্বকে পূর্ব বানিয়েছেন, যেদিকে নক্ষত্রমালা উদিত হয় ও পশ্চিমকে পশ্চিম বানিয়েছেন যেদিকে নক্ষত্রমালা অস্ত যায়। অনুরূপ এই দুয়ের মধ্যবর্তী যা কিছু আছে সে সমস্তর প্রভু ও তাদের ব্যবস্থাপক তিনিই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2960>

১। হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন